**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় বৌদ্ধ জয়ন্তী উদযাপন করা হচ্ছে ।**

**(২) অষ্টাদশ লোকসভা নির্বাচনের ষষ্ঠ পর্বের সরব প্রচার আজ শেষ হয়েছে ।**

**(৩) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত চলতি বছরের উচ্চমাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল ও মাদ্রাসা আলিমের ফলাফল আগামীকাল প্রকাশিত হবে ।**

**(৪) ঘুর্ণিঝড় রেমালের প্রভাবে আগামী ২৬ এবং ২৭শে মে ত্রিপুরায় অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।**

**************************************

**Buddha Purnima-National :**

আজ বুদ্ধ জয়ন্তী। গৌতম বুদ্ধের ২৫৮৬-তম জন্মবার্ষিকী। এই উপলক্ষ্যে ভারত-সহ বিশ্বের বিভিন্ন দেশে পালিত হচ্ছে বুদ্ধ পূর্ণিমা উৎসব। ভগবান বুদ্ধের জন্মবার্ষিকীতে শোভাযাত্রার আয়োজন করা হয় বিহারের বুদ্ধগয়াতে। দেশের বিভিন্ন প্রান্ত

থেকে বৌদ্ধ ধর্মাবলম্বীরা এই শোভাযাত্রায় যোগদান করেন। নেতৃত্ব দেন বৌদ্ধ ভিক্ষুরা।

*********************************

**Buddha Purnima-Govorner :**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় বৌদ্ধ জয়ন্তী পালন করা হয়। মূল অনুষ্ঠানটি হয় আগরতলার বেনুবন বুদ্ধ বিহারে। সকালে প্রভাত ফেরি এবং বৌদ্ধ পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। সকাল সাড়ে নয়টায় হয় বুদ্ধ পূজা ও সংঘদান অনুষ্ঠান। ভগবান বুদ্ধের ২৫৬৮তম জন্মজয়ন্তী উৎসব উদযাপনের মাহাত্ম্য তুলে ধরেন ধর্ম দীপা ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট ইউনিভার্সিটির ফাউন্ডার ডক্টর ধর্মপিয়া ভান্তে।

বুদ্ধ পূর্ণিমা উদযাপন উপলক্ষে আগরতলার বেনুবন বৌদ্ধবিহারে আজ বিকেলে এক ধর্মীয় আলোচনা সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন, পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডঃ বিশাল কুমার। তাছাড়া উপস্থিত রয়েছেন ধর্মদীপা ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট ইউনিভার্সিটির ফাউন্ডার ডঃ ধম্ম পিয়া ভান্তে, বেনুবন বুদ্ধ বিহারের অধ্যক্ষ ক্ষেমা ছড়া ভান্তে প্রমুখ।

***********************

**Buddha Purnima-South :**

দক্ষিন জেলার বৌদ্ধ মন্দিরগুলিতেও আজ সকাল থেকে পুজোর্চনা বিশ্ব শান্তির লক্ষ্যে বিশেষ প্রার্থনা ও বুদ্ধের পঞ্চশীল নীতি পালনের শপথ নেন বৌদ্ধ ধর্মালম্বীরা। তাছাড়া বিভিন্ন স্থানের বুদ্ধের মূর্তি নিয়ে শোভাযাত্রা ও পথচলতি মানুষদের পানীয় জল

ও শরবত প্রদান করেন বৌদ্ধ ধর্মালম্বীরা৷ সন্ধ্যায় আলোকমালায় সাজানো হয়েছে বৌদ্ধ মন্দিরগুলি।

***************************

**Buddha Purnima-Unakoti :**

চিরাচরিত উদ্দীপনা ও ধর্মীয় রীতি-রেওয়াজ মেনে ঊনকোটি জেলাতেও আজ ভক্তিভরে পালিত হচ্ছে বুদ্ধ পূর্ণিমা। এই উপলক্ষে বিভিন্ন বৌদ্ধ বিহারে বিশ্ব বুদ্ধ পতাকা উত্তোলন, বুদ্ধ পূজা, সংঘদান, অষ্ট পরিষ্কার দান, পবিত্র ধর্মগ্রন্থ ত্রিপিটক পাঠ ইত্যাদি অনুষ্ঠিত হয়। তাছাড়া ভগবান গৌতম বুদ্ধের জীবন ও বাণী সম্পর্কিত ধর্মীয় আলোচনাসভার আয়োজন করা হয়। ঊনকোটি জেলার পেঁচারথল উদয়ন বৌদ্ধ বিহারে আলোচনাচক্রে মুখ্য বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, ব্যাঙ্গালোর মহাবোধি সোসাইটির কর্মকর্তা ধর্ম্মালোকা ভিক্ষু। বুদ্ধ জয়ন্তী উপলক্ষে আজ উদয়ন বৌদ্ধ বিহারের পক্ষ থেকে পেঁচারথল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসাধীন রোগিদের মধ্যে ফল বিতরণ করা হয়েছে। পেঁচারথল উদয়ন বৌদ্ধ বিহারের মঠাধ্যক্ষ সত্যানন্দ মহাথেরো বলেন, আজকের দিনে প্রার্থনা, ভগবান গৌতম বুদ্ধের অহিংসা ও মৈত্রীর মহান বাণী সর্বত্র-ই ছড়িয়ে পড়ুক।

****************************

**Buddha Purnima-Sepahijala :**

বিশেষ পূজার্চনা, প্রার্থনা সভা ও ধর্মীয় নানা আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সিপাহীজলা জেলাতেও বৌদ্ধ ধর্মাবলম্বীরা বুদ্ধ জয়ন্তী পালন করেন। সিপাহীজলা জেলায় একমাত্র বৌদ্ধ বিহার।

সোনামুড়া মহকুমার ধনপুরের মনোজ্যোতি বৌদ্ধ বিহারেও সকাল থেকে ছিল নানা আচার-অনুষ্ঠান।

*************************

**Buddha Purnima-North :**

ধর্মনগর মহকুমার দক্ষিণ হরুয়া গ্রামের জ্যোতিবন বুদ্ধ বিহারেও আজ বুদ্ধ জয়ন্তী পালন করা হয়। সকাল থেকেই বৌদ্ধ ধর্মাবলম্বীরা বুদ্ধ বিহারে এসে পুজোর্চনা করেন।

*****************************

**Election 6th Phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ষষ্ঠ পর্বের সরব প্রচার আজ শেষ হয়েছে। আটটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৮টি আসনে আগামী শনিবার এই পর্বের ভোটগ্রহণ করা হবে। ষষ্ঠ পর্বের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ৮৮৯ জন প্রার্থী।

****************************

**Election Fifth Phase :**

লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় ভোট পড়েছে ৬২.২ শতাংশ। আজ নির্বাচন কমিশনের পক্ষ থেকে এতথ্য জানানো হয়। উল্লেখ্য, গত মঙ্গলবার লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় ৮টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৪৯টি আসনে ভোটগ্রহণ করা হয়।

************************

**New Criminal Laws-Training :**

আইপিসি, সিআরপিসি, এবং এভিডেন্স অ্যাক্ট এই তিনটি ক্রিমিন্যাল ল  এর পরিবর্তে নতুন করে যে ভারতীয় ন্যায় সংহিতা ২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩ সংসদে পাশ হয়েছে, তা আগামী পয়লা জুলাই থেকে দেশে চালু হচ্ছে।  এ ব্যাপারে রাজ্য পুলিশের পক্ষ থেকে বিভিন্ন স্তরের পুলিশ কর্মীদের বিশেষভাবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। নড়সিংগরস্থিত কেটিডি সিং পুলিশ ট্রেনিং একাডেমিতে এই প্রশিক্ষণ চলছে। এ এস আই থেকে অতিরিক্ত পুলিশ সুপার পর্যায়ে আট ধাপে প্রায় ৪০০ জন পুলিশ কর্মীকে ইতিমধ্যেই প্রশিক্ষণ দেওয়ার কাজ শেষ হয়েছে। আরো প্রায় ৪০০ পুলিশ কর্মীকে এই প্রশিক্ষণ দেওয়া হবে। আগামী ১৫ই জুনের মধ্যে রাজ্যভিত্তিক এই প্রশিক্ষণ শেষ করা হবে বলে পুলিশ সূত্রে জানা যায়।

*************************

**Mohan Bhagabat :**

আর এস এস প্রধান মোহন ভাগবত ৫ দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় এসে পৌঁছেছেন। খয়েরপুরস্থিত আগরতলার সেবাধামে প্রশিক্ষণ শিবিরে উপস্থিত থাকবেন শ্রী ভাগবত। উল্লেখ্য, সেবাধামে গত ১৮ মে থেকে চলছে আরএসএসের একটি বিশেষ শিবির।

******************************

**TBSE Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত চলতি বছরের উচ্চমাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল ও মাদ্রাসা আলিমের ফলাফল

আগামীকাল প্রকাশিত হবে। আগামীকাল দুপুর ১২টায় পর্ষদ ভবনে ফলাফল ঘোষণা করবেন সভাপতি ডঃ ধনঞ্জয় গণচৌধুরী। ছাত্রছাত্রীরা দুপুর সাড়ে বারোটা থেকে ওয়েবসাইটে ফলাফল দেখতে পারবে। ওয়েবসাইটগুলি হল www.tbse.tripura.gov.in, www.tbresults.tripura.gov.in, www.tripurainfo.com, www.jagaranjosh.com, www.results.shiksha, www.indianexpress.com .

*******************************

**Hiranmoy Chakraborty :**

হিরন্ময় চক্রবর্তী মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে আজ ব্যক্তি মানসে রবীন্দ্রনাথ শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানের প্রথম পর্বে বিশিষ্ট লেখক, প্রাবন্ধিক সুবিমল রায়, অধ্যাপক সত্যেও পোদ্দার হিরন্ময় চক্রবর্তীর জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা করেন।

দ্বিতীয় পর্বে, ওড়িশা হাইকোর্টের প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে, বাংলাদেশ থেকে, বিশিষ্ট বাচিক শিল্পী ও অভিনেতা জয়ন্ত চট্টোপাধ্যায় রবীন্দ্রনাথের জীবনী নিয়ে আলোচনা করেন। একইসঙ্গে রবীন্দ্র গানে কথায় ছিলেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী শুভ প্রসাদ নন্দী মজুমদার, স্মিতা চক্রবর্তী।

****************************

**Dhalai-Cultivation :**

কখনো তীব্র তাপপ্রবাহ আবার কখনো বৃষ্টি এই দুইয়ের সংমিশ্রণে এবার অনেকটাই উপকৃত হয়েছে সব্জি চাষীরা। ধলাই জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রাপ্ত সংবাদে জানা গেছে এবছর সব্জি চাষ করে অনেকটাই লাভের মুখ দেখছেন কৃষকরা। বর্তমান সময়ে বাজারে সব্জির ভালো দাম রয়েছে। বিশেষ করে এই মরসুমে ঝিঙে, কাকরোল, ঢেঁড়স সহ নানা সব্জি বাজারে রয়েছে।

আমবাসা কলোনী এলাকার কৃষক রতন পাল জানান, এবছর এখন পর্যন্ত ধাপে ধাপে যে বৃষ্টিপাতের ফলে ভালো সবজি চাষ হয়েছে। ধলাই জেলা হর্টিকালচার ডিপার্টমেন্টের সহ অধিকর্তা পরিমল দেববর্মা জানান, এ বছর তাপমাত্রা অনেকটাই বেড়ে গিয়েছিল তাতে সবজি নষ্ট হওয়ার সম্ভাবনা ছিল, কিন্তু মাঝে বৃষ্টি হওয়াতে কৃষকরা লাভবান হয়েছেন। এরফলে জমিতে কোন ধরনের পোকা আক্রমণের তেমন কোন সম্ভাবনা নেই।

*****************************

**BSF Police joint raid :**

বিএসএফ এবং পুলিশের যৌথ অভিযানে আজ আমতলি থানার অন্তর্গত মতিনগরে পিস্তল সহ প্রচুর নেশা সামগ্রী উদ্ধার করা হয়েছে। পশ্চিম জেলার পুলিশ সুপার কিরন কুমার কে জানিয়েছেন, এই অভিযানে ৫৯ হাজার ২০০টি ইয়াবা ট্যাবলেট, ৫০ বোতল ফেন্সিডিল, বাংলাদেশী মুদ্রায় ২৩ হাজার ৫৫০ টাকা, একটি পিস্তল, দুটি ম্যাগজিন উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত সামগ্রীর বাজার মূল্য এক কোটি টাকার বেশি। এই ঘটনায় এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

**************************

**Senior Cricket Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচ জোলাইবাড়ির ইউনিটি পাঠচক্রকে ৯৭ রানের ব্যবধানে পরাজিত করেছে ইয়াকথ্রু ওয়েলফেয়ার সোসাইটি। বাইখোড়া মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে বিজয়ী দল ইয়াকথ্রু ওয়েলফেয়ার সোসাইটি সব উইকেট হারিয়ে ৩৪ ওভারে ২৩৩ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে ইউনিটি পাঠচক্র সবকটি উইকেট হারিয়ে ১৯ ওভার ১ বলে মাত্র ১৩৬ রান সংগ্রহ করে।

*************************

**Inter School Cricket :**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতার শেষ দুটি কোয়ার্টার ফাইনাল আজ অনুষ্ঠিত হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে হিন্দি স্কুল ৯ উইকেটে ভবনস্ ত্রিপুরা বিদ্যামন্দিরকে এবং তালতলা মাঠে বিদ্রোহী কবি নজরুল বিদ্যাভবন ৬ উইকেটে উমাকান্ত ইংলিশ মিডিয়াম স্কুলকে পরাজিত করে।

******************************

**Heatwave :**

ভারতীয় আবহাওয়া দপ্তর আগামী তিন-চার দিন রাজস্থান, উত্তর প্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, চণ্ডীগড় ও দিল্লিতে তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করেছে। তাপ প্রবাহ চলবে জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ, বিদর্ভ এবং মহারাষ্ট্রেও।

***********************

**Weather-1 :** 23-05-2024

ভারতীয় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আজ সন্ধ্যায় জানানো হয়েছে, দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরি হয়েছে। যার অভিমুখ উত্তর-পূর্ব দিকে। আগামীকাল এটি আরো শক্তিশালী হয়ে ধীরে ধীরে গভীর নিম্নচাপে পরিণত হবে। যা আরও উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে ২৫শে মে বিকেল নাগাদ অতি গভীর নিম্নচাপে পরিণত হবে এবং উত্তর-পূর্ব ও সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের ওপরে অবস্থান করবে। এটি অতি প্রবল ঘূর্ণিঝড় রেমালে পরিণত হয়ে ২৬শে মে সন্ধ্যায় নাগাদ বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গ উপকূলে কিছু অঞ্চল অতিক্রম করতে পারে। এর প্রভাবে আগামী ২৬ এবং ২৭শে মে পশ্চিমবঙ্গ উপকূল অঞ্চল এবং উত্তর উড়িষ্যা উপকূল অঞ্চলের বেশ কয়টি জেলায় ঝড়ো হওয়া সহ অতি ভারী বৃষ্টিপাতের সম্ভবনা রয়েছে। পাশাপাশি আগামী ২৬ এবং ২৭শে মে ত্রিপুরা, মিজোরাম এবং দক্ষিণ মণিপুরে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

তাছাড়াও একটি ঘূর্ণাবর্ত পূর্ব বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপরে অবস্থান করছে। যে কারণে বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প স্থলভাগের ওপরে আসছে।

এদিকে, আগরতলার আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের কিছু কিছু স্থানে তাপমাত্রা বৃদ্ধির পাশাপাশি বাতাসে আর্দ্রতার পরিমাণ বাড়বে। আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে।

দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল রাজ্যে দিনের তাপমাত্রা সর্বোচ্চ সাঁইত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাঁইত্রিশ দশমিক দুই ডিগ্রি এবং সর্বনিম্ন সাতাশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস।

*****************************